UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref: ***Date:*** *৯ জানুয়ারি ২০১৮*

প্রেস বিজ্ঞপ্তি

মিঠুন চাকমা খুনীদের গ্রেফতার ও বিচারের দাবিতে খাগড়াছড়ির ৮ উপজেলায় বিক্ষোভ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর সংগঠক মিঠুন চাকমা খুনীদের অবিলম্বে গ্রেফতার ও বিচারের দাবিতে আজ মঙ্গলবার (৯ জানুয়ারি ২০১৮) খাগড়াছড়ির ৮ উপজেলায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

ইউপিডিএফ'র ঘোষিত কর্মসূচির সমর্থনে পাহাড়ি ছাত্র পরিষদ, গণতান্ত্রিক ক যুব ফোরাম ও হিল উইমেন্স ফেডারেশন এই বিক্ষোভ কর্মসূচি পালন করে।

"পার্বত্য চট্টগ্রামে রাষ্ট্রীয় সন্ত্রাস ও পরিকল্পিত হত্যাকাণ্ড বন্ধ কর" এই শ্লোগানে জেলার পানছড়ি, দীঘিনালা, মানিকছড়ি, লক্ষ্মীছড়ি, মহালছড়ি, রামগড় ও গুইমারা-মাটিরাঙ্গা উপজেলায় বিক্ষোভ প্রদর্শন করা হয়।

পানছড়ি : পানছড়ি উপজেলার পূজগাং স্কুল মাঠ থেকে মঙ্গলবার সকাল ১০ টার দিকে একটি বিক্ষোভ মিছিল শুরু হয়ে পূজগাং বাজারে গিয়ে সমাবেশ করে। এতে গণতান্ত্রিক যুব ফোরাম পানছড়ি উপজেলা শাখার সাধারণ সম্পাদক মিন্টু চাকমা'র সঞ্চালনায় ও কৃপায়ন চাকমা'র সভাপতিত্বে বক্তব্য রাখেন হিল উইমেন্স ফেডারেশন পানছড়ি থানা শাখার সদস্য মিতালী চাকমা, পাহাড়ি ছাত্র পরিষদ পানছড়ি থানা শাখার সভাপতি জুয়েল চাকমা।

বক্তরা বলেন, এদেশের শাসকগোষ্ঠী পাহাড়ি জনগণকে নিশ্চিহ্ন করে দেয়ার লক্ষ্যে নানা ষড়যন্ত্র অব্যাহত রেখেছে। রাজনৈতিক নেতা-কর্মীদের হত্যা, নির্যাতনের মাধমে সরকার পার্বত্য চট্টগ্রামকে মেধাশূণ্য করার পরিকল্পনা বাস্তবায়ন করছে।

তারা বলেন, পাকিস্তান এ দেশের বুদ্ধিজীবিদের খুন করে মেধাশূণ্য করার মাধ্যমে দেশের স্বাধীনতাকামী জনতাকে দমিয়ে রাখতে পারেনি, পার্বত্য চট্টগ্রামের জনগণকেও কোনভাবেই দমিয়ে রাখা যাবে না।

বক্তারা সেনা সৃষ্ট নব্য মুখোশ বাহিনীর সন্ত্রাসীদের লেলিয়ে দিয়ে ইউপিডিএফ-এর নেতা-কর্মীদের পরিকল্পিতভাবে বেছেবেছে হত্যা করা হচ্ছে অভিযোগ করে অবিলম্বে মিঠুন চাকমার হত্যাকারীদের গ্রেফতারপূর্বক বিচারের দাবি জানান।

দীঘিনালা : দীঘিনালা সদরের থানা বাজার থেকে মঙ্গলবার সকাল ১১টায় বিক্ষোভ মিছিল শুরু হয়ে দীঘিনালা সিনেমা হল দোকানের সামনে এসে সংক্ষিপ্ত সমাবেশ মাধ্যমে শেষ হয়।

সমাবেশে পিসিপি দীঘিনালা উপজেলা শাখার সাধারণ সম্পাদক জীবন চাকমার সঞ্চালনায় ও সভাপতি নিকেল চাকমার সভাপতিত্বে বক্তব্য রাখেন গণতান্ত্রিক যুব ফোরামের দীঘিনালা উপজেলা সভাপতি সজীব চাকমা, হিল উইমেন্স ফেডারেশন খাগড়াছড়ি জেলা শাখার সহ-সাধারণ সম্পাদক অবনিকা চাকমা প্রমুখ।

সমাবেশে বক্তরা বলেন, পার্বত্য চট্টগ্রামে স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের দমনমূলক ১১ দফা নির্দেশনা জারি করার পর শাসক গোষ্ঠী পরিকল্পিতভাবে একের পর এক হত্যাকাণ্ড ঘটাচ্ছে। গত বছর ছাত্র নেতা রমেল চাকমাকে সেনাবাহিনী কর্তৃক নির্যাতন চালিয়ে

হত্যা করা হয়। তারই ধারাবাহিকতায় গত ৩ জানুয়ারি প্রকাশ্যে দিবালোকে নব্য মুখোশ বাহিনীর সন্ত্রাসীদের লেলিয়ে দিয়ে খাগড়াছড়ি শহরে ইউপিডিএফ সংগঠক মিঠুন চাকমাকে তুলে নিয়ে গুলি করে হত্যা করা হয়েছে।

তারা অভিয়োগ করে আরো বলেন, গত ৫ জানুয়ারি মিঠুন চাকমা দাহক্রিয়া অনুষ্ঠানে শেষ শ্রদ্ধা জানাতে তিন পার্বত্য জেলাসহ সারাদেশের বিভিন্ন জায়গা থেকে লোকজন আসার পথে জেলা বিভিন্ন স্থানে সেনাবাহিনী-বিজিবি ও প্রশাসন বাধা দিয়েছে। যা এদেশের সরকার ও প্রশাসনের অগণতান্ত্রিক ও অসাংবিধানিক আচরণ ছাড়া আর কিছুই নয়।

বক্তারা, সরকারের দমননীতির বিরুদ্ধে এবং সেনা সৃষ্ট নব্য মুখোশ বাহিনীর সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচারের দাবিতে সোচ্চার হওয়ার জন্য জনগণের আহ্বান জানান।

মানিকছড়ি : ইউপিডিএফ-এর ঘোষিত কর্মসূচির সমর্থনে পিসিপি ও গণতান্ত্রিক যুব ফোরামের মানিকছড়ি উপজেলা শাখার উদ্যোগে আজ মঙ্গলবার সকাল পৌনে ১১টায় মানিকছড়ি উপজেলা সদরের কলেজিয়েট উচ্চ বিদ্যালয় গেইট থেকে একটি মিছিল বের করা হয়। মিছিলটি গিরি মৈত্রী ডিগ্রী কলেজ গেইটে এসে সমাবেশে মিলিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন গণতান্ত্রিক যুব ফোরামের মানিকছড়ি উপজেলা শাখার সাধারণ সম্পাদক রোমেন চাকমা ও পিসিপি মানিকছড়ি কলেজ শাখার সাধারণ সম্পাদক মংশে প্রু মারমা ও সহ-সাধারণ সম্পাদক ডেবিট চাকমা প্রমুখ।

বক্তারা অভিযোগ করে বলেন, রাষ্ট্রীয় বাহিনী পরিকল্পিতভাবে পার্বত্য চট্টগ্রামে অরাজকতা সৃষ্টি করতে নব্য মুখোশ বাহিনী সৃষ্টি করেছে। তাদের সৃষ্ট সন্ত্রাসীরা গত ৩ জানুয়ারি খাগড়াছড়ি শহরে ইউপিডিএফ-এর অন্যতম সংগঠক মিঠুন চাকমাকে হত্যা করেছে। এর আগে এই সন্ত্রাসীরা রাঙামাটিতে ইউপিডিএফ'র সংগঠক অনল বিকাশ চাকমা ও সাবেক অনাদি রঞ্জন চাকমাকে খুন করেছে। খুনী-সন্ত্রাসীরা সেনা-প্রশাসনের ছত্রছায়ায় এসব খুন-খারাবিসহ নানা অপকর্ম করে যাচ্ছে।

বক্তারা অবিলম্বে মিঠুন চাকমা হত্যাকারীসহ অনল, অনাদি চাকমার হত্যাকারী নব্য মুখোশ বাহিনী সন্ত্রাসীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানপূর্বক তাদের সন্ত্রাসী কর্মকাণ্ড বন্ধের দাবি জানান।

লক্ষ্মীছড়ি : মিঠুন চাকমা খুনীদের অবিলম্বে গ্রেফতার ও বিচারে দাবিতে আজ দুপুর ১২টায় লক্ষ্মীছড়ি উপজেলার দেওয়ান পাড়া এলাকায় বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশের আগে দেওয়ানপাড়া প্রাইমারি স্কুলের সামনে থেকে একটি মিছিল বের হয়ে মাষ্টার পাড়া ঘুরে আসে।

সমাবেশে বক্তব্য রাখেন ইউনাইটেড পিপলস্ ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর লক্ষীছড়ি উপজেলা সংগঠক আপ্রুসি মারমা ও পিসিপি লক্ষীছড়ি উপজেলা শাখা সাধারণ সম্পাদক নয়ন চাকমা প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলেন গণতান্ত্রিক যুব ফোরাম লক্ষ্মীছড়ি উপজেলা শাখা সাধারণ সম্পাদক ক্যামরণ দেওয়ান ও হিল উইমেন্স ফেডারেশন লক্ষীছড়ি উপজেলা শাখা সাধারণ সম্পাদক থুইনুচিং মারমা।

বক্তারা মিঠুন চাকমার খুনের দায় রাষ্ট্রকে নিতে হবে উল্লেখ করে বলেন, রাষ্ট্রের নিয়োজিত সেনাবাহিনীই পরিকল্পিতভাবে সন্ত্রাসী লেলিয়ে দিয়ে এই হত্যাকাণ্ড ঘটিয়েছে।

বক্তারা, অবিলম্বে মিঠুন চাকমার হত্যাকারী নব্য মুখোশ বাহিনী সন্ত্রাসীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

তারা পার্বত্য চট্টগ্রামে রাষ্ট্রীয় সন্ত্রাস ও পরিকল্পিত হত্যাকাণ্ড বন্ধসহ অবিলম্বে ইউপিডিএফ সংগঠক মিঠুন চাকমা খুনীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন।

মহালছড়ি : মঙ্গলবার সকাল ১১টায় মহালছড়ি উপজেলার মাইচছড়ি বাজার এলাকায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে শুক্রমণি চাকমার সঞ্চালনায় বক্তব্য রাখেন গণতান্ত্রিক যুব ফোরামের মহালছড়ি উপজেলা শাখার সভাপতি মংরে মারমা,

পিসিপি'র মহালছড়ি উপজেলা সভাপতি মেনন চাকমা ও হিল উইমেন্স ফেডারেশনের মহালছড়ি শাখার সাধারণ সম্পাদক পিপি চাকমা ও ইউপিডিএফ প্রতিনিধি কুসুম চাকমা প্রমুখ।

বক্তারা অবিলম্বে মিঠুন চাকমার খুনীদের গ্রেফতারের দাবি জানান।

রামগড় : মিঠুন চাকমা খুনীদের অবিলম্বে গ্রেফতার ও বিচারে দাবিতে আজ মঙ্গলবার দুপুর ১২:৩০টায় রামগড় উপজেলার যৌথখামার এলাকায় বিক্ষোভ মিছিল করে পাহাড়ি ছাত্র পরিষদ ও গণতান্ত্রিক যুব ফোরাম।

উপজেলার যৌথখামার ছাত্রীছাউনী থেকে একটি মিছিল শুরু করে যৌথখামার বাজারে সংক্ষিপ্ত সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন ইউনাইটেড পিপলস্ ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর রামগড় ইউনিটের সংগঠক পরম বিকাশ ত্রিপুরা, পাহাড়ি ছাত্র পরিষদের রামগড় উপজেলা সহ-সভাপতি সুরেশ চাকমা ও গণতান্ত্রিক যুব ফোরামের উপজেলা সদস্য অভি ত্রিপুরা প্রমুখ।

সেনাবাহিনীর প্রত্যক্ষ মদদে মিঠুন চাকমাকে খুন করা হয়েছে অভিযোগ করে বক্তারা অবিলম্বে খুনীদের গ্রেফতারপূর্বক বিচারের দাবি জানান।

গুইমারা-মাটিরাঙ্গা : একই দাবিতে গুইমারার বাইল্যাছড়ি এলাকায় মঙ্গলবার দুপুর ২টার দিকে পাহাড়ি ছাত্র পরিষদ ও গণতান্ত্রিক যুব ফোরামের গুইমারা-মাটিরাঙ্গা উপজেলা শাখার যৌথ উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

উল্লেখ্য, গতকাল সোমবার খাগড়াছড়ি সদরের স্বনির্ভরস্থ পার্টি অফিসে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে ইউপিডিএফ ধারাবাহিক কর্মসূচি ঘোষণা করে। তারই অংশ হিসেবে আজকের বিক্ষোভ কর্মসূচি পালিত হয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ।